

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৭৯

আগরতলা, ২৯ নভেম্বর, ২০২৪

হাসপাতালে প্রাতিষ্ঠানিক প্রসব
বেহালাবাড়ি বাজারে সচেতনতামূলক পথনাটক

মায়ের স্বাস্থ্য কর্মসূচির অধীন মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষা ও তাদের অকাল মৃত্যু রোধে রাজ্যে বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি চলছে। এর মধ্যে অন্যতম হলো পথনাটক। খোয়াইতে ‘চলো হাসপাতালে যাই’- এই কর্মসূচীর উপর সচেতনতামূলক এক পথনাটক অনুষ্ঠিত হলো। মূলত প্রাতিষ্ঠানিক প্রসবের ক্ষেত্রে বিভিন্ন প্রত্যন্ত এলাকায় সরকারি স্বাস্থ্য পরিষেবা গুলিকে নাটকের মাধ্যমে ছড়িয়ে দেওয়াই হলো এই ধরনের কর্মসূচির মূল উদ্দেশ্য। খোয়াই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে গত ২৮ নভেম্বর হেমন্ত দেববর্মা স্মৃতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত বেহালা বাড়ি বাজারে পথ নাটক মঞ্চস্থ করা হয়। বাজারে আগত ক্রেতা বিক্রেতা ও আশপাশ এলাকার সকলের মধ্যে স্বাস্থ্য সচেতনতা তৈরি করার লক্ষ্যে এবং হাসপাতালে প্রাতিষ্ঠানিক প্রসব নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় আশা কর্মীদের দ্বারা চলো হাসপাতালে যাই নামক নাটক পরিবেশন করা হয়। এদিন গর্ভবতী মহিলাদের হাসপাতালে প্রসব করানো সহ মা ও শিশুর স্বাস্থ্যজনিত বিভিন্ন সমস্যা ও তার প্রতিকারে হাসপাতালের গুরুত্বপূর্ণ ভূমিকাই ছিল নাটকের মূল প্রতিপাদ্য বিষয়। নাটকটি উপস্থাপন কালে বিপুল মানুষের সমাগম ঘটে ও তারা সকলে উৎসাহিত হয়ে নাটকটি উপভোগ করেন। নাটক দেখতে এসে দর্শক শ্রোতারা জানান স্বাস্থ্য সচেতনতায় এ ধরনের প্রচারে তারা খুব আনন্দিত এবং এই নাটকের মাধ্যমে নতুন কিছু সরকারি প্রকল্প সম্বন্ধে জানতে পেরেছেন, যা আগে জানতেন না এবং সেগুলি আগামী দিনে তাদের উপকারে আসতে পারে। এদিন চলো হাসপাতালে যাই নামক পথ নাটকটি সুব্রত আচার্য এর তত্ত্বাবধানে আশা কর্মী শিলা হোম ঘোষ, শিপ্রা পাল, গীতা দাস মোদক, সুমিত্রা নমঃ এবং গোপা রাণী দেবরা পরিবেশন করেন। খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
